



জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট-৩১০০

ওয়েবসাইট: www.jgtdsl.gov.bd

হটলাইন: ১৬৫১১

নিয়মিত গ্যাস বিল পরিশোধ করুন
সংযোগ বিচ্ছিন্ন এড়িয়ে চলুন

বিনা কারণে গ্যাসের চুলা জ্বালিয়ে রাখা
আর বিপদকে ডাকা একই বিষয়

বিজ্ঞপ্তি

রাজনৈতিক মতাদর্শের কারণে বন্ধ বা ক্ষতিগ্রস্ত বৈধ শিল্প প্রতিষ্ঠান পুনরায় চালু করা, কর্মসংস্থান ও উৎপাদন পুনরুদ্ধারের নিমিত্ত আবেদন আহ্বান:

৬ জানুয়ারি ২০০৯ হতে ৫ আগস্ট ২০২৪ সময়কালে শুধুমাত্র ভিন্ন রাজনৈতিক মতাদর্শের কারণে বন্ধ বা ক্ষতিগ্রস্ত বৈধ শিল্প প্রতিষ্ঠান পুনরায় চালু করা, কর্মসংস্থান ও উৎপাদন পুনরুদ্ধার করা এবং বিগত সময়ে ভিন্ন রাজনৈতিক মতাদর্শ বা পরিচয়ের কারণে বঞ্চনার শিকার ব্যবসায়ী বা গ্রাহকদের নিকট হতে আবেদন আহ্বান করা যাচ্ছে।

যে সব আবেদন বিবেচনার জন্য গ্রহণযোগ্য হবে:

১। বর্ণিত সময়কালে গ্রাহকের সংযোগটি বৈধ, অনুমোদিত ও মিটারযুক্ত ছিলো এই মর্মে গ্রাহক প্রয়োজনীয় প্রমাণপত্র আবেদনের সাথে সংযুক্ত করবেন;

২। বর্ণিত সময়কালে গ্রাহক ভিন্ন রাজনৈতিক মতাদর্শের কারণে বৈষম্য বা বঞ্চনার শিকার হয়েছেন তা সমর্থনে বিচ্ছিন্নকরণ আদেশ/নোটিশ, গ্রাহক-নথির কপি, সমসাময়িক আবেদন/চিঠিপত্র, আদালত বা প্রশাসনিক সিদ্ধান্ত ইত্যাদির কপি/সার্টিফাইড কপি অথবা অন্য কোনো গ্রহণযোগ্য প্রামাণ্য দলিল থাকলে তা আবেদনের সাথে দাখিল করবেন।

যে সব আবেদন বিবেচনার জন্য গ্রহণযোগ্য হবে না:

১। অবৈধ সংযোগ গ্রহণ বা পুনঃসংযোগ, মিটার বাইপাস/টেম্পারিং, অনুমোদিত লোডের অতিরিক্ত ব্যবহার, শ্রেণি-বহির্ভূত ব্যবহার, গ্যাস চুরি বা অন্য কোনো অননুমোদিত ব্যবহারের কারণে সংযোগ বিচ্ছিন্ন বা জরিমানা করা হয়েছে এমন গ্রাহকের আবেদন;

২। অবৈধ ব্যবহারের বিষয়ে চূড়ান্ত আদালত/মোবাইল কোর্টের আদেশ, দণ্ড বা প্রমাণিত পরিদর্শন প্রতিবেদন রয়েছে এমন গ্রাহকের আবেদন;

৩। পূর্বে অনুমোদিত কিস্তি সুবিধা নিয়ে ইচ্ছাকৃতভাবে খেলাপি হয়েছে এমন গ্রাহকের আবেদন, যদি না আদালতের আদেশ বা সরকার অনুমোদিত পুনর্গঠন ব্যবস্থা থাকে;

৪। নিরাপত্তাজনিত ত্রুটি, বুদ্ধিপূর্ণ স্থাপনা বা কারিগরি অসামঞ্জস্য সংশোধন না করা গ্রাহকের আবেদন; এবং

৫। শুধু রাজনৈতিক পরিচয় বা মৌখিক দাবির ওপর নির্ভরশীল, কিন্তু যাচাইযোগ্য সমর্থক নথি নেই বা প্রমাণক নেই এমন আবেদনকারীর আবেদন।

আবেদনের প্রক্রিয়া:

১। বিজ্ঞপ্তি প্রকাশের ৩০দিনের মধ্যে যোগ্য গ্রাহকগণ নির্ধারিত ফরমে আবশ্যিক তথ্যসহ মুখ বন্ধ খামে গ্রাহক সংকেত উল্লেখপূর্বক কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক বরাবর আবেদন করবেন।

২। গ্রাহকগণ জালালাবাদ গ্যাসের ওয়েবসাইট (www.jgtdsl.gov.bd) হতে আবেদন ফরমটি সংগ্রহ করতে পারবেন।

জালালাবাদ গ্যাস কর্তৃপক্ষ

সংযুক্তি-১

বিশেষ সুবিধার আবেদন ও যাচাই-তথ্য

১	প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ও গ্রাহক সংকেত	
২	মালিক/আইনগত প্রতিনিধির নাম ও যোগাযোগ	
৩	গ্রাহক শ্রেণি, অনুমোদিত লোড ও মিটারের বিবরণ	
৪	সংযোগ বিচ্ছিন্নের তারিখ, আদেশ নং ও নথিভুক্ত কারণ	
৫	বৈষম্য/বঞ্চনার দাবির সংক্ষিপ্ত বিবরণ ও প্রমাণের তালিকা	
৬	অবৈধ ব্যবহার/মিটার টেম্পারিং/মামলা বা দণ্ড ছিল কি না	
৭	বৈষম্য বা বঞ্চনার শিকার হয়েছেন তা সমর্থনে বিচ্ছিন্নকরণ আদেশ/নোটিশ, গ্রাহক-নথির কপি, সমসাময়িক আবেদন/চিঠিপত্র, আদালত বা প্রশাসনিক সিদ্ধান্ত ইত্যাদির কপি/সার্টিফাইড কপি অথবা অন্যকোনো গ্রহণযোগ্য প্রামাণ্য দলিল থাকলে তা আবেদনের সাথে দাখিল করবেন	
৮	পুনরায় চালুর পরিকল্পনা, সম্ভাব্য কর্মসংস্থান ও উৎপাদন	
৯	লাইসেন্স, টিআইএন, ভ্যাট, পরিবেশ, অগ্নি ও নিরাপত্তা নথি	

আবেদনকারীর ঘোষণা

আমি/আমরা ঘোষণা করছি যে, প্রদত্ত তথ্য সত্য ও সম্পূর্ণ; উপস্থাপিত তথ্য উপাত্ত ভুল প্রমাণিত হলে আমার আবেদন অগ্রাহ্য করা যাবে।

তারিখ:

নাম ও পদবি:

স্বাক্ষর:

প্রতিষ্ঠানের সিল